বেসিক ব্যাংক লিমিটেড

মহাব্যবস্থাপক, সার্কেল অফিস-২,

বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়

এবং

শাখা-ব্যবস্থাপক, চৌমুহনা শাখা, বেসিক ব্যাংক লিমিটেড

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১–জুন ৩০, ২০২২

সূচিপত্র

বিবরণী		পৃষ্ঠা নং
	বেসিক ব্যাংক লিমিটেড এর চৌমুহনা শাখার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
	উপক্রমণিকা	৪
সেকশন ১:	রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২:	বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩:	কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ	৭-৯
সংযোজনী ১:	শব্দসংক্ষেপ (Acronyms)	১১
সংযোজনী ২:	কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১২-১৩

বেসিক ব্যাংক লিমিটেড এর চৌমুহনা শাখার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Chowmuhana Branch, BASIC Bank Limited)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের(৩বছর) প্রধান অর্জনসমূহঃ**
- **সাম্প্রতিক বছরসমূহের(৩বছর) প্রধান অর্জনসমূহঃ (কোটি টাকায়)**

সাল		
২০১৯	**২০২০**	**২০২১ (মার্চ)**
আমানত		
৫০.৭৮	৬৮.৬৭	৭২.৫৭
ঋণ বিতরণ (নবায়নসহ)		
৫.০৮	৯.১২	১.৬০
ঋণ বিতরণ (নতুন)		
১.০১	১.৫৪	০.০৫
ঋণ স্থিতি		
৩২.০০	৩২.৫৬	৩২.১৯
শ্রেণীকৃত ঋণ		
১৬.৯৭	১৫.৩১	১৫.৯৪
ঋণ আদায় নগদ		
০.৫৬	০.৩৪	০.০৩
০২ % এর অধীনে পুণতফসিলকৃত ঋণ হতে নগদ আদায়		
-	০.৪৫	০.১৭
ঋণ পুণ:তফসিলিকরণ		
৬.৬৪	১.১৩	০
রেমিটেন্স পিন কোডের মাধ্যমে		
০.১৫	০.২৩	০.০৭

উপরে উল্লিখিত তথ্য পর্যালোচন করলে দেখা যায় যে, উক্ত শাখায় ২০১৯ সালের তুলনায় ২০২০ সালে এবং ২০২১ সালের মার্চ মাস পর্যন্ত আমানত প্রায় ২২ কোটি টাকা বৃদ্ধি পায় এবং আমানত সংগ্রহে নতুন গ্রাহক সন্ধান করা হয় এবং তাদেরকে ব্যাংকে আনতে ব্যাংক সক্ষম হয়। ২০১৯ সালের তুলনায় শাখার খেলাপী ঋণের পরিমাণও প্রায় ১ কোটি টাকা হ্রাস পায় এবং আগামী সেপ্টেম্বর মাসে আরো ১ কোটি টাকা খেলাপী ঋণ কমিয়ে শাখার খেলাপী ঋণের স্থিতি ১৫ কোটি টাকার নীচে নামিয়ে আনার চেষ্টা করা হচ্ছে। ২০১৯ সাল হতে ২০২১ সালের মার্চ পর্যন্ত খেলাপী ঋণ হতে নগদ প্রায় ০১ কোটি টাকা আদায় করলেও শাখা হতে প্রায় ৭.৭৭ কোটি টাকা বিআরপিডি ৫/২০১৯ মোতাবেক ০২ % এর অধীনে পুণতফসিলকরণ করা হয় এবং উক্ত পুণতফসিলকৃত ঋণ হতে কিস্তি ও ঋণ সমন্বয়ের মাধ্যমে মার্চ ২১ পর্যন্ত ০.৬২ কোটি টাকা আদায় করা হয় তবে এপ্রিল এবং মে মাসে আরো ০.১৬ কোটি টাকা আদায় করা হয়। কাজেই ০২ % এর অধীনে এখন পর্যন্ত ০.৭৮ কোটি টাকা নগদ আদায় করা হয়। করোনার কারণে পিন কোডের মাধ্যমে টাকা আসার প্রবাহ কিছু কম রয়েছে তবে শাখা হতে গ্রাহকদেরকে প্ররোচিত করা হচ্ছে। আরো উল্লেখ্য যে, মহামারী করোনার কারণে নতুন ঋণ বিতরণ বাধাগ্রস্ত হচ্ছি তবে ২০১৯ সালের তুলনায় ২০২০ সালে নতুন ০.৫৩ কোটি টাকা বেশি ঋণ বিতরণ করা হয় এবং আগামীতে চেষ্টা অব্যাহত থাকবে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জঃ**

তীব্র লোকবল বা জনবল সংকট, প্রতি ডেস্কে কমপক্ষে ০২ জন কর্মকর্তা প্রয়োজন হলেও ঋণ বিভাগ ও জেনারেল ব্যাংকিং বিভাগে মাত্র ০১ জন করে কর্মকর্তা রয়েছেন। তাছাড়া ক্যাশ বিভাগে ০২ জন কর্মকর্তা রযেছেন। তাই এই অল্প পরিমাণ কর্মকর্তা নিয়ে পুরাতন এই শাখার বিশাল সংখ্যক গ্রাহক থাকায় পরিপূর্ণ সেবা প্রদানে বাধাগ্রস্ত হচ্ছে এবং ঋণ বিভাগেও দীর্ঘদিন যাবৎ ০১ জন কর্মকর্তা থাকায় ঋণ বিতরণ, মাসিক ও কোয়ার্টার ভিত্তিক বিবৃতি বা স্টেটমেন্ট প্রস্তুত, ঋণ আদায় নতুন ঋণ বিতরণ ও নবায়নে ব্যস্ত থাকায় নতুন গ্রাহক নির্বাচন বা প্রত্যাশিত নতুন ঋণ বিতরণ সম্ভবপর হচ্ছে না। তাছাড়া ছোট এই জেলা শহরে প্রায় ৪৮ টি ব্যাংক শাখা রয়েছে এবং তুলনামুলকভাবে আমানত সুদের হারও বেশি প্রদান করছে, ফলে নতুন আমানত সংগ্রহ কষ্টকর হচ্ছে। শাখায় শাখা ব্যবস্থাপকসহ মাত্র ০৬ জন কর্মকর্তা রয়েছেন। তবে শাখার চাহিদানুসারে পর্যাপ্ত পরিমাণে লোকবল দিলে এবং সবাই আন্তরিক ও ঐক্যভাবে কাজ করলে উল্লিখিত সমস্যা হতে উত্তোরণ অসম্ভব নহে।

- **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

পর্যাপ্ত লোকবল থাকলে নুতুন স্বল্পসুদ ভিত্তিক স্থানীয় আমানত সংগ্রহ এবং নতুন ঋণ বিতরণ করলে, পাশাপাশি শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায়ের পরিমাণ বৃদ্ধি করলে চলমান লাভ ধরে রাখা সম্ভবপর হবে। তাছাড়া কম বা স্বল্প সুদে আমানত সংগ্রহের জন্য স্থানীয় গ্রাহকদেরকে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে এবং বিভিন্ন সরকারী অফিসগুলোর সাথে লেয়াজু মেইনটেইন করা হচ্ছে, যাতে স্বল্প সুদে আমানত সংগ্রহ করা যায়। তবে শাখায় খেলাপী ঋণের পরিমাণ প্রায় ৫০% হওয়ায় অন্যান্য সব কিছুর চেয়ে খেলাপী ঋণ আদায়ে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে এবং এর জন্য শাখায় জনবল বাড়ানো খুবই জরুরী হয়ে পড়েছে। তাই শাখায় কমপক্ষে আরো ০৩ জন কর্মকর্তা পদায়ন খুবই জরুরী।

- **২০২১-২২ অর্থবছরে চৌমুহনা শাখার সম্ভাব্য প্রধান অর্জন সমূহ**
  - এসএমই খাতে ঋণ বিতরণ ও আদায়
  - কৃষি খাতে ঋণ বিতরণ ও আদায়
  - শ্রেণিকৃত হিসাবসমূহ হতে নগদ আদায়
  - শ্রেণিকৃত ঋণের হার নামিয়ে আনা
  - মোট আমানতের বিপরীতে স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধিকরণ

উপক্রমণিকা (Preamble)

রূপকল্প ২০৪১-এর যথাযথ বাস্তবায়ন, সরকারের নির্বাচনী ইস্তোহার বাস্তবায়ন এবং এসডিজির লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য সরকার একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য সরকারের মন্ত্রণালয়/বিভাগসমূহ এদের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সাথে ২০১৫-১৬ অর্থ-বছর হতে কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করে আসছে। কর্মসম্পাদন চুক্তিতে ব্যাংকের কর্মসম্পাদন সূচকসমূহ এবং প্রত্যেকটি সূচকের বিপরীতে সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক বেসিক ব্যাংকের কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জন নিয়মিত (মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে) মূল্যায়ন করা হচ্ছে।

২০১৬-১৭ অর্থ-বছর হতে বেসিক ব্যাংকের ব্যবস্থাপনার সাথে শাখাসমূহের এবং প্রধান কার্যালয়ের বিভাগসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়ে আসছে। এই ধারাবাহিকতায় ২০২১-২২ অর্থ-বছরের জন্যও বেসিক ব্যাংকের ব্যবস্থাপনার সাথে শাখাসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পন্ন হওয়া প্রয়োজন।

বিগত বছরসমূহে এপিএ'তে মোট ১০০ নম্বরের মধ্যে সংশ্লিষ্ট অফিসের Allocation of Business বা কার্যতালিকা অনুযায়ী কর্মকাণ্ড বাস্তবায়নে ৭৫ নম্বর এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ২৫ নম্বর বরাদ্দ ছিল। এবছর হতে সংশ্লিষ্ট অফিসের Allocation of Business বা কার্যতালিকাভুক্ত কর্মকাণ্ড বাস্তবায়নে ৭০ নম্বর বরাদ্দ থাকবে এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের জন্য সর্বমোট ৩০ নম্বর (ওয়েটেড স্কোর) বরাদ্দ থাকবে। এখন থেকে এপিএতে কৌশলগত উদ্দেশ্যের পরিবর্তে কর্মসম্পাদনের ক্ষেত্র (Areas of performance) থাকবে। 'কর্মসম্পাদনের ক্ষেত্র' দপ্তর/সংস্থা নিজেরাই নির্ধারণ করবে।

প্রতিটি 'কর্মসম্পাদনের ক্ষেত্র' বাস্তবায়নের জন্য কর্মসম্পাদন সূচক এবং কর্মসম্পাদন সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে উল্লেখ করা হলো।

উল্লেখ্য, শাখার কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত অর্জন মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট সার্কেল/ডিভিশন/সেল/ইউনিট/ট্রেনিং ইন্সটিটিউট মূল্যায়ণ করে প্রধান কার্যালয়ের কর্মসম্পাদন ব্যবস্থাপনা টিম এর নিকট রিপোর্ট করবে।

শাখা-ব্যবস্থাপক, চৌমুহনা শাখা, বেসিক ব্যাংক লিমিটেড

এবং

মহাব্যবস্থাপক, সার্কেল অফিস-২, বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১: রূপকল্প (Vision):

ক্ষুদ্র ও মাঝারী শিল্প বিকাশের লক্ষ্যে ঋণ সুবিধা প্রদান করে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিতে ভূমিকা রাখা।

১.২: অভিলক্ষ্য (Mission) :

ব্যবসার পরিধি সম্প্রসারণের মাধ্যমে উন্নত ব্যাংকিং সেবা জনগণের দোরগোড়াঁয় পৌঁছে দেয়া এবং কৃষি , কুটির শিল্প, ক্ষুদ্র ও মাঝারী শিল্প , নারী উদ্যোক্তা ঋণ ইত্যাদি খাতে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি করে আর্থিক অন্তর্ভূক্তি সম্প্রসারণ করা।

১ .৩: কর্মসম্পাদনের ক্ষেত্র:

১.৩.১: বেসিক ব্যাংক লিমিটেড এর কর্মসম্পাদনের ক্ষেত্র:

ক. ঋণ ও অগ্রিম বিতরণ এবং অন্যান্য বিনিয়োগের মাধ্যমে ব্যাংকের আয় বৃদ্ধিকরণ;

খ. ব্যাংকের নন-পারফরমিং ঋণ সন্তোষজনক পর্যায়ে রাখা এবং প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার সার্বিক উন্নয়ন;

গ. ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণসহ প্রতিষ্ঠানের আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা সুসংহতকরণ;

ঘ. ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং আইসিটি ব্যবহারের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মান উন্নয়ন এবং সার্বিক নিরাপত্তা জোরদার;

ঙ. নারী উদ্যোগক্তাদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন এবং সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ;

১.৩.২: সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র:

সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪: কার্যাবলি (Functions):

চ. আমানত সংগ্রহ

ছ. ঋণ ও অগ্রীম প্রদান

জ. বৈদেশিক বাণিজ্যে অংশগ্রহণ

ঝ. বৈদেশিক রেমিটেন্স সংগ্রহ

ঞ. স্বীকৃত বিল ক্রয়

ট. এল.সি, ব্যাংক গ্যারান্টি ইস্যুকরণ

ঠ. ট্রেজারী বন্ড এবং শেয়ারে বিনিয়োগ

ড. বিভিন্ন ইউটিলিটি বিল জমা নেয়ার মাধ্যমে ইউটিলিটি সেবা প্রদান, ইত্যাদি

সেকশন-২

বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচক সমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যমাত্রা ২০২১-২২	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্ব প্রাপ্ত কার্যালয়ের নাম	উপাত্ত সূত্র (Source of Data)
			২০১৯-২০	২০২০-২১*		২০২২-২৩	২০২৩-২৪		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
[১] ব্যাংকিং খাতে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি	[১.১] গ্রাহকের সংখ্যা (ক্রমপুঞ্জিভুত)	সংখ্যা জন	৪৮৪৭	৪৯৫৫	৫৩০০	৫৮৩০	৬৩৬০	শাখার জেনারেল ব্যাংকিং, ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ	ক্যাসেল রিপোর্ট
[২] ব্যাংকের ঋণের মান উন্নয়ন	[২.১] শ্রেণিকৃত ঋণের হার	%	৪৭.৩৭	৪৯.৫০	৪০.০০	৩২.০০	২৪.০০	শাখার ক্রেডিট বিভাগ	ক্যাসেল রিপোর্ট ও সি এল সফটওয়্যার

*মার্চ পর্যন্ত

সেকশন-৩

ক. কর্মসম্পাদনের ক্ষেত্র, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ (মোট মান - ৭০)

ক্রমিক নং	কৌশলগত উদ্দেশ্য	কর্মসম্পাদন সূচকের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%	প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
১	ঋণ ও অগ্রিম বিতরণ এবং অন্যান্য বিনিয়োগের মাধ্যমে ব্যাংকের আয় বৃদ্ধিকরণ;	২২	[১.১] কৃষিঋণ বিতরণ ও আদায়	[১.১.১] বিতরণকৃত কৃষি ঋণ	সমষ্টি	কোটি টাকা	৫	০.০৩	০.১৪	০.২০	০.১৮	০.১৬	০.১৪	০.১২	০.২২	০.২৪
				[১.১.২] আদায়কৃত কৃষি ঋণ	সমষ্টি	কোটি টাকা	৪	০.১১	০.২১	০.৬০	০.৫৪	০.৪৮	০.৪২	০.৩৬	০.৬৬	০.৭২
			[১.২] এসএমই ঋণ বিতরণ ও আদায়	[১.২.১] বিতরণকৃত এসএমই ঋণ	সমষ্টি	কোটি টাকা	৫	০.০৮	১.২৬	৫.০০	৪.৫০	৪.০০	৩.৫০	৩.০০	৫.৫০	৬.০০
				[১.২.২] আদায়কৃত এসএমই ঋণ	সমষ্টি	কোটি টাকা	৪	১.২৮	২.৭৩	৪.৫০	৪.০৫	৩.৬০	৩.১৫	২.৭০	৪.৯৫	৫.৪০
			[১.৩] শিল্প ও সার্ভিস সেক্টরে বিশেষ চলতি মূলধন ঋণ বিতরণ (নভেল করোনা ভাইরাস (COVID-19) এ ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠান সমূহের জন্য)	[১.৩.১] বিতরণকৃত চলতি মূলধন ঋণ	সমষ্টি	কোটি টাকা	৪	-	০.৩০	০.২৪	০.২২	০.১৯	০.১৭	০.১৪	০.২৬	০.২৯
২	ব্যাংকের নন-পারফরমিং ঋণ	২০	[২.১] শ্রেণিকৃত ঋণের পরিমাণ	[২.১.১] শ্রেণিকৃত ঋণের স্থিতি হ্রাস	ক্রমপুঞ্জিভূত	কোটি টাকা	৪	১৫.২৬	১৫.৯৪	১৩.০০	১৪.৩০	১৫.৬০	১৬.৯০	১৮.২০	১০.৪০	৭.৮০

ক্রমিক নং	কৌশলগত উদ্দেশ্য	কর্মসম্পাদন সূচকের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%	প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
	সন্তোষজনক পর্যায়ে রাখা এবং প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার সার্বিক উন্নয়ন;		হ্রাস ও নগদ আদায়	[২.১.২] আদায়কৃত অর্থ	সমষ্টি	কোটি টাকা	৫	০.২৩	০.৩৭	০.৫০	০.৪৫	০.৪০	০.৩৫	০.৩০	০.৫৫	০.৬০
			[২.২] অবলোপনকৃত ঋণ হতে নগদ আদায়	[২.২.২] আদায়কৃত অর্থ	সমষ্টি	কোটি টাকা	৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
			[২.৩] স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধি ও পরিচালন মুনাফা অর্জন	[২.৩.১] স্বল্পব্যয়ী আমানতের হার	ক্রমপুঞ্জিভুত	%	৪	৩১.০০	২৬.৩৩	৩৫.০০	৩১.৫০	২৮.০০	২৪.৫০	২১.০০	৩৮.৫০	৪২.০০
				[২.৩.২] অর্জনকৃত পরিচালন মুনাফা	সমষ্টি	কোটি টাকা	৪	(০.৬৯)	০.১৭	০.১৫	০.১৪	০.১২	০.১১	০.০৯	০.১৭	০.১৮
৩	ঝুঁকি হ্রাস ও আর্থিক ভিত্তি শক্তিশালীকরণসহ প্রতিষ্ঠানের আর্থিক ও প্রশাসনিক শৃঙ্খলা সুসংহতকরণ;	৬	[৩.১] মামলা নিষ্পত্তিকরণ	[৩.১.১] নিষ্পত্তিকৃত অর্থঋণ মামলার সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৬	০.০০	০.০০	০	০	০	০	০	০	০
৪	ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে ডিজিটাল	১২	[৪.১] ক্যাশলেস ট্রানজেকশন বৃদ্ধিকরণ	[৪.১.১] ডেবিট/ক্রেডিট কার্ডের নতুন গ্রাহক সংখ্যা	সমষ্টি	সংখ্যা	৬	১৫.০০	৩.০০	৩০	২৭	২৪	২১	১৮	৩৩	৩৬

ক্রমিক নং	কৌশলগত উদ্দেশ্য	কর্মসম্পাদন সূচকের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্নে ৬০%	প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
	ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ এবং আইসিটি ব্যবহারের মাধ্যমে কর্মদক্ষতা বৃদ্ধি ও গ্রাহক সেবার মান উন্নয়ন এবং সার্বিক নিরাপত্তা জোরদার;			[৪.১.২] RTGS এ লেনদেনকৃত অর্থের পরিমাণ	সমষ্টি	কোটি টাকা	৩	৩.১৪	২.৩৮	৩.৫০	৩.১৫	২.৮০	২.৪৫	২.১০	৩.৮৫	৪.২০
				[৪.১.৩] BEFTN এ লেনদেনকৃত অর্থের পরিমাণ	সমষ্টি	কোটি টাকা	৩	০.০১	০.০১	০.৫০	০.৪৫	০.৪০	০.৩৫	০.৩০	০.৫৫	০.৬০
৫	নারী উদ্যোগক্তাদের ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন এবং সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ;	১০	[৫.১] নারী উদ্যোক্তাদের মধ্যে এসএমই ঋণ বিতরণ ও আদায়	[৫.১.১] নতুন উদ্যোক্তার সংখ্যা	সমষ্টি	সংখ্যা জন	৪	০.০০	১.০০	১	১	১	১	১	২	২
				[৫.১.২] বিতরণকৃত ঋণের পরিমাণ	সমষ্টি	কোটি টাকা	৩	০.০০	০.০১	০.০৮	০.০৭	০.০৬	০.০৫	০.০৫	০.০৮	০.০৯
				[৫.১.৩] আদায়কৃত ঋণের পরিমাণ	সমষ্টি	কোটি টাকা	৩	০.০১	০.০১	০.১০	০.০৯	০.০৮	০.০৭	০.০৬	০.১১	০.১২

*মার্চ পর্যন্ত

আমি, শাখা-ব্যবস্থাপক, চৌমুহনা শাখা, বেসিক ব্যাংক লিমিটেড, ব্যাংকের সার্কেল অফিস-২ এর মহাব্যবস্থাপক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে সর্বাত্মক সচেষ্ট থাকব।

আমি, মহাব্যবস্থাপক, সার্কেল অফিস-২, বেসিক ব্যাংক লিমিটেড এর প্রতিনিধি হিসাবে শাখা-ব্যবস্থাপক, চৌমুহনা শাখা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনার পক্ষে

মোঃ আবুল কালাম আজাদ
মহাব্যবস্থাপক
সার্কেল অফিস-২
বেসিক ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।

শাখার পক্ষে

জুনেদ আহমদ খান
নির্বাহী ব্যবস্থাপক
শাখা-ব্যবস্থাপক, চৌমুহনা শাখা

তারিখঃ ২৪.০৬.২০২১

সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

ATM: Automated Teller Machine

BEFTN: Bangladesh Electronic Funds Transfer Network

RTGS: Real Time Gross Settlement

সংযোজনী- ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] কৃষিঋণ বিতরণ ও আদায়	[১.১.১] বিতরণকৃত কৃষি ঋণ	শাখার ক্রেডিট বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
	[১.১.২] আদায়কৃত কৃষি ঋণ	শাখার ক্রেডিট বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
[১.২] এসএমই ঋণ বিতরণ ও আদায়	[১.২.১] বিতরণকৃত এসএমই ঋণ	শাখার ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
	[১.২.২] আদায়কৃত এসএমই ঋণ	শাখার ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
[১.৩] শিল্প ও সার্ভিস সেক্টরে বিশেষ চলতি মূলধন ঋণ বিতরণ (নভেল করোনা ভাইরাস (COVID-19) এ ক্ষতিগ্রস্ত শিল্প ও সার্ভিস সেক্টরের প্রতিষ্ঠান সমূহের জন্য)	[১.৩.১] বিতরণকৃত চলতি মূলধন ঋণ	শাখার ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
[২.১] শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাস ও নগদ আদায়	[২.১.১] শ্রেণিকৃত ঋণের স্থিতি হ্রাস	শাখার ক্রেডিট বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
	[২.১.২] আদায়কৃত অর্থ	শাখার ক্রেডিট বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
[২.১] অবলোপনকৃত ঋণ হতে আদায়	[২.২.২] আদায়কৃত অর্থ	শাখার ক্রেডিট বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
[২.৩] স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধি ও পরিচালন মুনাফা অর্জন	[২.৩.১] স্বল্পব্যয়ী আমানতের হার	শাখার জেনারেল ব্যাংকিং বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
	[২.৩.২] অর্জনকৃত পরিচালন মুনাফা	শাখার জেনারেল ব্যাংকিং, ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
[৩.২] মামলা নিষ্পত্তিকরণ	[৩.২.২] নিষ্পত্তিকৃত অর্থঋণ মামলার সংখ্যা	শাখার ক্রেডিট বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
[৪.১] ক্যাশলেস ট্রানজেকশন বৃদ্ধিকরণ	[৪.১.১] ডেবিট/ক্রেডিট কার্ডের নতুন গ্রাহক সংখ্যা	শাখার জেনারেল ব্যাংকিং, ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
	[৪.১.২] RTGS এ লেনদেনকৃত অর্থের পরিমাণ	শাখার জেনারেল ব্যাংকিং, ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
	[৪.১.৩] BEFTN এ লেনদেনকৃত অর্থের পরিমাণ	শাখার জেনারেল ব্যাংকিং, ক্রেডিট ও ফরেন ট্রেড বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
[৫.১] নারী উদ্যোক্তাদের মধ্যে এসএমই ঋণ বিতরণ ও আদায়	[৫.১.১] নতুন উদ্যোক্তার সংখ্যা	শাখার ক্রেডিট বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
	[৫.১.২] বিতরণকৃত ঋণের পরিমাণ	শাখার ক্রেডিট বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী
	[৫.১.৩] আদায়কৃত ঋণের পরিমাণ	শাখার ক্রেডিট বিভাগ	কে, সি, বি, এস ও শাখার বিভিন্ন প্রতিবেদন ও আর্থিক বিবরণী